

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ  
তথ্য ও সংস্কৃতি দপ্তর,  
ত্রিপুরা, পশ্চিম ত্রিপুরা

তিপরা আইডল -২৩ সঙ্গীত প্রতিযোগিতা  
এডিসির উদ্যোগে

এডিসি।স-১৩৩  
খুমলুঙ, ০৬।১১।২০২৩ইং

আগামী ১০-ডিসেম্বর এডিসির উদ্যোগে তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় খুমলুঙএ তিপুরা আইডল -২৩ সঙ্গীত প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হবে। আজ প্রধান প্রশাসনিক ভবনের কনফারেন্স হলে এক আয়োজিত সাংবাদিক সন্মেলনে তথ্য ও সংস্কৃতি দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা একথা জানিয়েছেন। সাংবাদিক সন্মেলনে এডিসির আইন দপ্তরের মুখ্য উপদেষ্টা দাতামোহন জমাতিয়া এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা চিও দেববর্মা উপস্থিত ছিলেন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা জানিয়েছেন প্রতিযোগিতায় অংশ গ্রহণকারীদের বয়স ১৫ থেকে ২৫ বছর পর্যন্ত হবে। উপজাতিদের লোক সংস্কৃতি সঙ্গীত ১টি এবং মর্ডান সঙ্গীত ১টি করে পরিবেশন করতে হবে। উপজাতি বিভিন্ন সম্প্রদায়ের সঙ্গীত প্রতিযোগিতাদেরকে নিজস্ব মাতৃভাষা লোক সঙ্গীত পরিবেশন করতে হবে। প্রথম বাছাই পর্ব জোন্যাল ভিত্তিক প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচিত করা হবে। প্রতিটি জোন্যাল থেকে ৫ জনকে বাছাই করা হবে। ৮টি জোন্যাল থেকে মোট ৪০ জনকে রাজ্য ভিত্তিক গালা প্রতিযোগিতায় অংশ গ্রহণ করার সুযোগ পাবে। সেখান থেকে থার্ড রাউন্ডের জন্য ১৫ জনকে নির্বাচিত করা হবে। থার্ড রাউন্ডের প্রতিযোগিতায় অংশ গ্রহণকারীদের মধ্য থেকে ১০ জনকে সেমিফাইন্যালের জন্য নির্বাচিত করা হবে। সেমিফাইন্যালের ১০ জন প্রতিযোগিতাদের মধ্য থেকে চূড়ান্ত পর্বের জন্য ৫ জনকে নির্বাচিত করা হবে। ফাইন্যাল রাউন্ড ৫ জন প্রতিযোগি রাজ্য ভিত্তিক অনুষ্ঠানে খুমলুঙস্থিত স্টেডিয়ামে অংশ গ্রহণ করবে ১০ ডিসেম্বর। তিপুরা আইডল -২৩ প্রথম স্থান অর্জনকারীকে ১ লক্ষ টাকা এবং স্কুটি পুরস্কার দেয়া হবে। দ্বিতীয় স্থান অর্জনকারীকে ৫০ হাজার টাকা এবং তৃতীয় স্থান অর্জনকারীকে ২৫ হাজার টাকা দেয়ার কথা ঘোষণা করা হয়েছে। ১৫ নভেম্বর উত্তর জোন্যাল ভিত্তিক বাছাই পর্ব কাঞ্চনপুরের অনুষ্ঠিত হবে। ১৬ নভেম্বর উনকোটি জোন্যাল ভিত্তিক বাছাই পর্ব রাজকান্দিতে সঙ্গীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ১৮ নভেম্বর ধলাই জোন্যাল ভিত্তিক শিকারী বাড়ীতে সঙ্গীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ১৯ নভেম্বর খোয়াই জোন্যাল ভিত্তিক তুলাশিখকএ সঙ্গীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২১ নভেম্বর সিপাহীজলা জোন্যাল ভিত্তিক বিশ্রামগঞ্জে সঙ্গীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২২ নভেম্বর গোমতী জোন্যাল ভিত্তিক সঙ্গীত প্রতিযোগিতা কিন্নাতে অনুষ্ঠিত হবে। দক্ষিণ জোন্যাল ভিত্তিক প্রতিযোগিতা বি. সি. মনুতে অনুষ্ঠিত হবে ২৪ নভেম্বর। ২৬ নভেম্বর পশ্চিম জোন্যাল ভিত্তিক সঙ্গীত প্রতিযোগিতা খুমলুঙএ অনুষ্ঠিত হবে। জোন্যাল ভিত্তিক বাছাই পর্ব শেষ হবার পর গালা রাউন্ড ২৯ নভেম্বর। থার্ড রাউন্ড ১লা ডিসেম্বর এবং সেমিফাইন্যাল ৩ ডিসেম্বর খুমলুঙ নুডাই অডিটোরিয়ামএ অনুষ্ঠিত হবে। সকল প্রতিযোগিতাদেরকে সাব জোন্যাল এবং জোন্যাল অফিসে বয়সের প্রমান পত্র সাথে নিয়ে যোগাযোগ করতে আহ্বান জানানো হয়েছে।